


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৬৯.২২-৫৩২

তারিখঃ ২৩ অক্টোবর ২০২২

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সফটওয়্যার পর্যালোচনায় প্রাপ্ত তথ্য অনুযায়ী বিগত জুন'২২ মাসে দুমকী, পটুয়াখালী উপজেলায় কিস্তি খেলাপী ছিল ৪৪.১৯ লক্ষ টাকা যা বৃদ্ধি পেয়ে অক্টোবর,২২ মাসে হয়েছে ৬২.১৫ লক্ষ টাকা এবং কিস্তি আদায়ের হার ৩৯.৬৫% হতে হ্রাস পেয়ে হয়েছে ১৯%; যা মোটেই সন্তোষজনক নয়। এছাড়াও আপনি দৈনিক জমা রেজিস্ট্রার, ক্যাশ বহি এবং সাধারণ খতিয়ান নিয়মিত হালনাগাদ করার বিষয়টি তদারকি করেন না মর্মে প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায়, আপনার দায়িত্বে অবহেলা ও তদারকির অভাবে প্রকল্প কার্যক্রম অসন্তোষজনক হওয়ায় কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।


মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব মোঃ হাফিজুর রহমান
এআরডিও
ইরেসপো, বিআরডিবি,
দুমকি, পটুয়াখালী

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।